



স্মারক নম্বর:-০৫.৪৩.৩৮৪৭.০০০.০৮.০০১.২০-৮২

তারিখ: ১৭/০২/২০২২ খ্রি.

সরকারি খাস পুকুর ইজারার দরপত্র/আবেদনপত্র আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/নিবন্ধনকৃত মৎস্য চাষে সম্পৃক্ত সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে গ্রহণের জন্য সিঙ্কান্ত গৃহীত হচ্ছে। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ মোতাবেক ২০(কড়ি) একরের নীচে জয়পুরহাট সদর উপজেলাধীন ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) সরকারি জলমহাল/খাসপুকুর বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিনি) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগামী ১০ ফাল্গুন থেকে ১৫ ফাল্গুন (২৩/০২/২০২২ থেকে ২৮/০২/২০২২ খ্রি) পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে (এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে)। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি, জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি ও আবেদন ফি বাবদ প্রদত্ত ৫০০/- (পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবক্ষ খামে ১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩(তিনি) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর (অফিস চলকালীন সময়) কার্যালয়ে দাখিল করতে হবে। ভূলমিথ্যা/ তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে অনলাইনে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি)জয়পুরহাট সদর কার্যালয় হতে অফিস জয়পুরহাট , চলকালীন সময়ে দেখা ও জানা যাবে।

প্রকাশ থাকে যে অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে। ,

শর্তাবলী:

- ০১। জলমহাল/ খাস পুকুরসমূহ ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিনি) বছর মেয়াদের জন্য ইজারা দেওয়া হবে
- ০২। সমিতি/সংগঠনের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখসহ রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের হালনাগাদ প্রত্যয়নপত্র, প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবীমর্মে উপজেলা মৎস কর্মকর্তার প্রত্যয়নপত্র ও সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসনজয়পুরহাট কর্তৃক প্রত্যয়ন , পত্র অনলাইনে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে
- ০৩। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবীশিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা , মাছ চাষ , পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অংগীকারনামা অনলাইনে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। সমিতি/সংগঠনের গঠনতত্ত্ব, নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা ও ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি মৎস্যজীবী সমবায় সমিতির , নিবন্ধন সনদ এর সত্যায়িত কপিস ,মিতির সভার কার্যবিবরণ, সদস্যদের নামের তালিকা,ছবি,ঠিকানা ও জাতীয় পরিচয় পত্র এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ), জলমহালে মৎস্য চাষের সুস্থ পরিকল্পনা/রূপরেখা, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, হাল সন পর্যন্ত অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে)ও টিআইএন নম্বর (যদি থাকে) সংযুক্ত করতে হবে (অনলাইনে প্রদত্ত ফরম্যাট অনুযায়ী)
- ০৫। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুযায়ী জামানত হিসাবে ইজারা মূল্যের ২০% হিসেবে প্রদত্ত টাকার বিডি/পে-অর্ডার ও আবেদন ফি বাবদ সোনালী ব্যাংক অথবা যে কোন তফসিল ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট অর্ডার অথবা অনলাইনে সমপরিমাণ অর্থ-পে/(অফেরৎযোগ্য) জমা দিয়ে জমা প্লিপের কপি আবেদনের প্রিন্টেড কপির সংগে সংযুক্ত করে দাখিল করতে হবে। তবে অনলাইনে আবেদন ফি পরিশোধের ব্যবস্থাপনা থাকলে ব্যাংক ড্রাফট অর্ডার করার প্রয়োজন নেই।-পে/
- ০৬। আবেদনপত্রে সমিতির সভাপতি/ সাধারণ সম্পাদকসদস্যদের/ছবিসহ এনআইডি নম্বর ও ,মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। (অনলাইনে প্রদত্ত ফরম্যাট অনুযায়ী)
- ০৭। দাখিলকৃত দর অনুমোদিত হলে বিধি মোতাবেক ইজারা মূল্য, ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ১০% আয়কর জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ০৮। সীলমোহরকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।
- ০৯। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।
- ১০। প্রতিটি পুকুরের জন্য আলাদা আলাদাভাবে আবেদন করতে হবে।
- ১১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এর যাবতীয় শর্তাবলী এবং অনলাইনে প্রদত্ত চাহিত তথ্যাদী অনুযায়ী কাগজপত্র দাখিল করতে হবে।
- ১২। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনভাবেই পুকুরের আকার পরিবর্তন/পরিবর্ধন/পুকুরগাড়ে অবস্থিত গাছ কর্তন কিংবা পুকুরের পানি অপসারণ করা যাবে না।

- ১৩। বাংলা ১৪২৯ হতে ১৪৩১ সন পর্যন্ত মেয়াদে ইজারায়োগ্য অনুমোদিত পুরুরের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের নোটিশ বোর্ডে অফিস চলাকালীন সময় দেখা ও জানা যাবে।
- ১৪। পুরুরের বাস্তব অবস্থা সরেজিমে দেখে আবেদনপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ১৫। জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এর শর্ত মোতাবেক কোন সমিতি ০২ (দুই)টির বেশি পুরুর ইজারা গ্রহণ করতে পারবে না।
- ১৬। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারার সমুদয় টাকা বাজেয়াষ্ট হবে।
- ১৭। ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোন পুরুরের মালিকানা নিয়ে জটিলতা থাকলে কিংবা /আদালতের কোন নিষেজা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিলস্থগিত করতে পারবেন/ অথবা আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নিতে পারবেন।
- ১৮। ইজারাকৃত পুরুরের মা মাছ নিধন করা যাবে না।
- ১৯। ইজারা দেয়া কোন পুরুর ভুলক্রমে তালিকায় অন্তর্ভুক্ত হলে তা বাদ যাবে।
- ২০। পুরুরের খনন/সংক্ষার কাজ চলমান। খনন/সংক্ষার চলমান পুরুরের ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ২১। ইজারাকৃত পুরুর অন্য কারো নিকট সাব-লীজ বা অন্য কোনভাবে মাছ চাষের জন্য হস্তান্তর করা যাবে না।
- ২২। জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এর শর্ত, অনলাইনে আবেদ গ্রহণ সংক্রান্ত জারীকৃত প্রজাপনের শর্ত ও জলমহাল ইজারা সংক্রান্ত শর্ত যা এখানে উল্লিখিত হয় নাই তাহাও এই ইজারার ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র অথবা সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মো; আরাফত হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

জয়পুরহাট সদর, জয়পুরহাট

অনলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ২। পুলিশ সুপার, জয়পুরহাট
- ৩। সিভিল সার্জন, জয়পুরহাট
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),জয়পুরহাট
- ৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্তি/এলজিইডি/সড়ক ও জনপথ/জনস্বাস্থ্য, জয়পুরহাট
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্লেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্লেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
- ৮। মেয়র, জয়পুরহাট পৌরসভা /পাঁচবিবি/আক্লেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
- ৯। সহকারী কমিশনার (ভূমি), পাঁচবিবি/আক্লেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
- ১০। উপজেলা ----- অফিসার, জয়পুরহাট সদর
- ১১। অফিসার ইনচার্জ, জয়পুরহাট সদর থানা, জয়পুরহাট সদর, জয়পুরহাট ইউ.পি, জয়পুরহাট।
- ১২। চেয়ারম্যান, ধলাহার/দোগাহাট/ভাদসা/মোহাম্মদাবাদ/পুরানাপৈল/আমদই/বন্ধু/জামালপুর/চকবরকত ইউ.পি, জয়পুরহাট।
- বিজ্ঞপ্তি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য অনুরোধ জানাবো হলো।
- বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ১(এক) দিন
- সম্পাদক, দৈনিক জয়পুরহাট খবর, দৈনিক শানসাইন, জয়পুরহাট। বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ১(এক) দিন
- বহল প্রচারের জন্য অনুরোধ জানাবো হলো।
- ১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, জয়পুরহাট/দুর্গাদহ/পেঁচুলিয়া/মির্কপুর/পুরানাপৈল/মাধাইনগর/বন্ধু/জামালপুর ইউনিয়ন ভূমি
- অফিস, জয়পুরহাট। বিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। জনাব-----
- ১৬। অফিস কপি/নোটিশ বোর্ড

(মো: আরাফত হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

জয়পুরহাট সদর, জয়পুরহাট

ফোন নম্বর: ০৫৭১-৬২২৪১

unojoypurhat@mopa.gov.bd